গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৪১

**আন্তর্জাতিক মৎস্য সম্মেলনে অংশগ্রহণ করতে রাজশাহী আসছেন মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা**

রাজশাহী, ০৫ অগ্রহায়ণ (২০ নভেম্বর) :

মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার আগামী শনিবার (২২ নভেম্বর) এক দিনের সরকারি সফওে রাজশাহী আসছেন। ওইদিন সকাল দশটায় তিনি বিমান যোগে রাজশাহী এসে পৌঁছবেন।

বেলা এগারোটায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) কাজী নজরুল ইসলাম মিলনায়তনে রাবি মৎস্য অনুষদ অয়োজিত আন্তর্জাতিক মৎস্য সম্মেলন এবং প্রদর্শন-২০২৫ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। দুপুর আড়াইটায় তিনি একই স্থানে মৎস্য ক্ষেত্রে সাফল্য অর্জনকারীদের পদক প্রদান ওসমাপনী অনুষ্ঠানে যোগদান করবেন।

ওইদিন বিকাল সোয়া পাঁচটায় উপদেষ্টা বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

...............................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১১.০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd